

প্ৰেত

‘আমার উপরে আজ
 শব্দ তার প্রতিশোধ নেয়’ ---নিকোলাস গিয়েন শঙ্খ ঘোষ
 চারটুকরো শব্দ-অনুরোধে
 তারপর পাতাভরতি ছাই
 ভার মাথা অন্ধকার ত্রোধে
 লেখা চাই, দাও, লেখা চাই
 আজ এই অবস্থা হয়েছে
 বলো ভোর, পাখিকে কোথায়
 লুকিয়েছ? কোথা গেলে পাব সে-পালক?
 কোন্ মেঘ ছোঁয়াব ডানায়?
 এইখানে ডানা কেউ খোঁজে নি, খোঁজে না---
 উপরোধ টেকি অবদি খায়।
 এই শেষ নয়। পরদিন
 আবারও দোকান খোলা চাই
 চতুর্দিক দিয়ে উড়ে চলে
 রেষারেষি। সাবাস। দুচ্ছাই।
 রাত্রি হলে শুধু হেঁটে আসে
 শেষ গাছ। অন্ধকার গাছ।
 রাত্রি হলে টেকিটি বেরোয়
 হাঁ-করা কবির মুখ দিয়ে
 মাথা কোটে, মাথা কোটে, কুটে ফণালে মাথা...
 জানলা দিয়ে দেখা যায় মুঞ্জীন কাঠ বসে আছে,
 সামনে তার
 ঘিলু মাখামাখি সাদা পাতা...

জয় গোস্বামী

